৭/৬/২০০৫

# ভোরের কাগজ

তারিখ ... পৃ ১২ কলাম ৬

## শিক্ষকরা এপ্রিলের বেতনের সঙ্গে ১০ মাসের বর্ধিত বেতনও পাবেন

কাগজ প্রতিবেদক : বেসরকারি শিক্ষক-কর্মচারীরা এপ্রিল মাসের বেতনের সঙ্গে গত বছরের জুলাই থেকে মোট ১০ মাসের বকেয়াসহ বর্ধিত ১০ শতাংশ বেতন পাবেন। শিক্ষা মন্ত্রণালয় থেকে এ মর্মে ব্যাংকগুলোকে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়েছে। ২৪ মের মধ্যে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার সরকারি এ অংশ উত্তোলন করতে হবে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তর থেকে গত রোববার ১০ মাসের বকেয়া বেতনের অংশসহ এপ্রিল মাসের বেতনের টাকা ২০টি চেকের মাধ্যমে অনুদান বণ্টনকারী জনতা, অগ্রণী, রূপালী ও সোনালী ব্যাংকের কাছে হস্তান্তর করা হয়েছে। বকেয়াসহ মঞ্জুরিকৃত অর্থের পরিমাণ ২২৬ কোটি ৬ লাখ ৮ হাজার ৯৬৪ টাকা।

প্রতিশ্রুতি মোতাবেক ১০ শতাংশ বর্ধিত সরকারি বেতন প্রদান করায় বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সদস্য সংগঠন বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, সাধারণ সম্পাদক অধ্যক্ষ আসাদুল হক, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম ও মহাসচিব মোঃ শহিদ উল্লাহ এবং ফেডারেশনের কেন্দ্রীয় নেতৃবৃন্দ গতকাল সোমবার দেওয়া এক বিবৃতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক এবং শিক্ষা সচিব ড. সা'দাত হুসাইনের প্রতি আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন। বিবৃতিতে ফেডারেশন নেতৃবৃন্দ পুনরায় দৃঢ় আশাবাদ ব্যক্ত করেছেন যে, নির্দলীয় ও পেশাগত অবস্থান থেকে নতুন স্কেলে মেডিকেল ভাতা ও ইনক্রিমেন্ট, পদোন্নতিসহ শিক্ষকদের অবাস্তবায়িত প্রত্যাশাসমূহের বাস্তবায়নেও ফেডারেশন একইভাবে বদ্ধপরিকর। এ প্রসঙ্গে মহল বিশেষের হটকারীতা ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত কর্মকাণ্ডে সম্পৃক্ত হওয়া থেকে বিরত থাকায় তারা শিক্ষক সমাজের প্রতি আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করেন।